

আমাদের মন্ত্র

২০২২ সালের সিলেবাস সংক্ষিপ্ত হতে পারে

নিম্ন প্রতিবেদক

১১ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১০ ফেব্রুয়ারি ২০২১ ২২:৫৩

আমাদের মন্ত্র

২০২২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি এবং এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের সিলেবাস সংক্ষিপ্ত করার কথা ভাবা হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে অধ্যয়নরত সেরা ফলধারী ৩০ শিক্ষার্থীকে প্রথমবারের মতো ভাইস চ্যাম্পেলরস অ্যাওয়ার্ড (স্বর্ণপদক) প্রদান অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান তিনি। শিক্ষামন্ত্রী বলেন, দেশের সব শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে করোনার টিকা প্রদান করা হবে। পর্যায়ক্রমে দেশের সব বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোর আবাসিক শিক্ষার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে করোনার টিকা প্রদান করা হবে। তিনি বলেন, পুনরায় শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়ার জন্য দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানকে প্রস্তুত করা হয়েছে। করোনাবিষয়ক জাতীয় পরামর্শক কমিটির সুপারিশের ভিত্তিতে শিগগিরই শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়ার কথা ভাবছে শিক্ষা মন্ত্রণালয়। অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন, একটি কর্মদক্ষ জনশক্তি তৈরি করার জন্য আমরা শিক্ষাটাকে এগিয়ে নিচ্ছি। বৈশ্বিক বাস্তবতায় আমাদের এগিয়ে যেতে হবে। কার্যক্রমনির্ভর পেশায় যুক্ত হতে হবে। পুরক্ষারপ্তাঙ্গদের মধ্যে স্নাতক (সম্মান) কোর্সে রয়েছেন ২৬ জন আর স্নাতক (পাস) কোর্সে ৪ জন। স্বর্ণপদকপ্রাপ্ত ৩০ শিক্ষার্থীর মধ্যে ২৫ জন ছাত্রী। এ ছাড়া মুজিববর্ষ উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ী ৪ জনকে নগদ অর্থ ও সনদ দেওয়া হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক
আমাদের মন্ত্র

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)